রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, এপ্রিল ৭, ২০২৬

## বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ২৩ চৈত্র, ১৪৩২ মোতাবেক ০৬ এপ্রিল, ২০২৬

নিম্নলিখিত বিলটি ২৩ চৈত্র, ১৪৩২ মোতাবেক ০৬ এপ্রিল, ২০২৬ তারিখে জাতীয় সংসদে উত্থাপিত হইয়াছে :—

## বা. জা. স. বিল নং ১১/২০২৬

## Bangladesh Law Officers Order, 1972 অধিকতর সংশোধনকল্পে আনীত বিল

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে, Bangladesh Law Officers Order, 1972 (P.O. No. 6 of 1972) এর অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্দ্বারা নিম্নরূপ আইন প্রণয়ন করা হইল:—

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই আইন Bangladesh Law Officers (Amendment) Act, 2026 নামে অভিহিত হইবে।

(২) ইহা ১০ আগস্ট, ২০২৪ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

২। **President's Order No. 6 of 1972 এর Article 3 এর সংশোধন।**— Bangladesh Law Officers Order, 1972 (P.O. No. 6 of 1972), এর Article 3 এর Clause (2) এর প্রান্তস্থিত ফুলস্টপ "." চিহ্নের পরিবর্তে কোলন ":" প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ শর্তাংশ সন্নিবেশিত হইবে, যথা:—


মূল্য : টাকা ৪.০০

"Provided that while making the appointment, the President may consider relaxing the age-limit of an Additional Attorney-General or a Deputy Attorney-General, as the case may be, if he is found fit and efficient."।

৩। **রহিতকরণ ও হেফাজত।**—(১) Bangladesh Law Officers (Amendment) Ordinance, 2024 (২০২৪ সনের ১৭ নং অধ্যাদেশ), অতঃপর উক্ত অধ্যাদেশ বলিয়া উল্লিখিত, এতদ্দ্বারা রহিত করা হইল।

(২) উপ-ধারা (১) এর অধীন রহিতকরণ সত্ত্বেও, উক্ত অধ্যাদেশের অধীন কৃত কোনো কার্য, গৃহীত কোনো ব্যবস্থা বা সূচিত কোনো কার্যধারা এই আইনের অধীন কৃত, গৃহীত বা সূচিত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

# উদ্দেশ্য ও কারণ সংবলিত বিবৃতি

রাষ্ট্রের গুরুত্বপূর্ণ আইনি কার্যক্রমে অভিজ্ঞ ও দক্ষ আইনজীবীদের মেধা ও অভিজ্ঞতাকে কাজে লাগানো এবং অ্যাটর্নি সার্ভিসের কার্যকারিতা বৃদ্ধি করা অপরিহার্য। বিদ্যমান Bangladesh Law Officers Order, 1972-এর Article 3-এর Clause (2)-এ 'অতিরিক্ত অ্যাটর্নি-জেনারেল' (Additional Attorney-General) ও 'ডেপুটি অ্যাটর্নি-জেনারেল' (Deputy Attorney-General) পদে নিয়োগের ক্ষেত্রে একটি নির্দিষ্ট বয়সসীমা নির্ধারিত থাকায় অনেক যোগ্য ও জ্যেষ্ঠ আইনজীবী মেধা থাকা সত্ত্বেও এই গুরুত্বপূর্ণ দায়িত্ব পালনের সুযোগ থেকে বঞ্চিত হন। এই আইনি সীমাবদ্ধতা দূর করে রাষ্ট্রের প্রয়োজনে অধিকতর যোগ্য ব্যক্তিদের নিয়োগ নিশ্চিত করার লক্ষ্যে Bangladesh Law Officers (Amendment) Ordinance, 2024 জারি করা হয়।

বর্ণিত অবস্থার প্রেক্ষিতে, বিশেষ পরিস্থিতির প্রয়োজনে এবং যোগ্য ব্যক্তিদের ক্ষেত্রে বয়সসীমা শিথিল করার বিবেচনাধীন ক্ষমতা রাষ্ট্রপতিকে প্রদানের বিধান এই সংশোধনীতে প্রস্তাব করা হয়েছে। সংবিধানের বিধান অনুযায়ী উক্ত অধ্যাদেশকে একটি স্থায়ী আইনে রূপান্তর করা এবং অধ্যাদেশের অধীনে ইতিমধ্যে সম্পাদিত সকল কার্যাবলি ও নিয়োগের আইনি ধারাবাহিকতা ও বৈধতা নিশ্চিত করাই এই বিলের মূল লক্ষ্য।

মূলত রাষ্ট্রের আইনি কর্মকাণ্ডে জ্যেষ্ঠ আইনজীবীদের অন্তর্ভুক্তি সহজতর করা এবং অ্যাটর্নি জেনারেল কার্যালয়ের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যেই Bangladesh Law Officers (Amendment) Act, 2026 প্রণয়ন করা আবশ্যক।

**মোঃ আসাদুজ্জামান**
ভারপ্রাপ্ত মন্ত্রী।

---

**ব্যারিস্টার মো: গোলাম সরওয়ার ভূঁইয়া**
সচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd